

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

বিষয়: বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ বিষয় উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : এস.এম জাহেদুল করিম, অতিরিক্ত সচিব (প্রশাসন)
পানি সম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ : ১৪.০৩.২০১৮ খ্রিস্টাব্দ।
সময় : বেলা ১১:০০ ঘটিকা।
স্থান : পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন এলডিসিভুক্ত দেশের ক্যাটাগরি থেকে বাংলাদেশের উত্তরণ আমাদের জন্য একটি গর্বের এবং আনন্দের বিষয়। তিনি এলডিসি স্ট্যাটাস থেকে বাংলাদেশের উত্তরণের অর্জনকে আনন্দ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের বিষয়ে কেন্দ্রীয়ভাবে গৃহীত সকল কর্মসূচি যথাযথ মর্যাদা ও গুরুত্বের সাথে উদযাপনে সকলের সক্রিয় অংশগ্রহণের অভিপ্রায় ব্যক্ত করেন। সভায় আগত কর্মকর্তাবৃন্দ কর্মসূচি অনুযায়ী দিবসটি উদযাপনে তাদের নিজস্ব মতামত তুলে ধরেন। সভায় স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের সাফল্য উদযাপন উপলক্ষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১.	পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহ স্ব-স্ব ব্যানারে নিজ নিজ কার্যালয় থেকে সমবেতভাবে র্যালি করে বিকাল ০৩.৩০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানের ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট এলাকায় সমবেত হবেন। এ লক্ষ্যে শোভাযাত্রার নির্ধারিত স্থানে বিকাল ৩.৩০ টায় উপস্থিত থাকতে হবে।	মন্ত্রণালয় ও সকল সংস্থা
০২.	বিকাল ০৪.০০ টায় বর্ণাঢ্য শোভাযাত্রা শুরু করে নির্ধারিত রুটে (সোহরাওয়ার্দী উদ্যান-মৎস্য ভবন-কদম ফোয়ারা-আবদুল গণি রোড-জিপিও-বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইটে) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে সমবেত হবে।	মন্ত্রণালয় ও সকল সংস্থা
০৩.	পানি সম্পদ মন্ত্রণালয় থেকে তৈরিকৃত ব্যানারের আকার হবে দৈর্ঘ্যে ১২ ফুট ও প্রস্থে ৪ ফুট এবং সংস্থাসমূহের ব্যানারের আকৃতি হবে দৈর্ঘ্যে ১০ ফুট ও প্রস্থে ৩ ফুট।	মন্ত্রণালয় ও সকল সংস্থা
০৪.	শোভাযাত্রায় ব্যান্ডপাটির ব্যবস্থা থাকবে।	বাপাউবো
০৫.	মন্ত্রণালয় শোভাযাত্রার জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে (ফোকাল পারসন জনাব মো: আনোয়ার হোসেন, উপ-সচিব, ইআরডি, মোবাইল নং-০১৭১১-৫২৪১৮৫) লোগো, স্লোগান ও থিমসং সংগ্রহ করবে। মন্ত্রণালয় থেকে সংগৃহীত লোগো ও স্লোগান ব্যানার ও প্যাকার্ভে ব্যবহারের জন্য আওতাধীন সকল সংস্থাকে সরবরাহ করা হবে।	যুগ্মসচিব (প্রশাসন-১)
০৬.	প্রত্যেক সংস্থা নিজ নিজ বাজেট থেকে ব্যানার ও প্ল্যাকার্ড তৈরি করবে। ব্যান্ডপাটি আয়োজনের অর্থ পানি উন্নয়ন বোর্ড বহন করবে।	বাপাউবো ও স্ব-স্ব সংস্থা
০৭.	পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থা থেকে শোভাযাত্রার জন্য ২০টি গাড়ি ব্যবহার করা হবে। বিষয়টি অদ্য ১৪/০৩/২০১৮ তারিখে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।	সকল সংস্থা ও পাসম
০৮.	শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য পানি সম্পদের সাথে সংশ্লিষ্ট এনজিওদের পত্র প্রেরণ করতে হবে।	পাসম

(এস.এম জাহেদুল করিম)
অতিরিক্ত সচিব


বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ২। প্রোগ্রামার (সকল কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
- ৫। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, বাড়ী নং-১০৩, রোড নং-০১, বনানী, ঢাকা।
- ৬। মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, হাবুকান্দি, ফরিদপুর।
- ৭। সদস্য, যৌথ নদী কমিশন, ৭২, গ্রীণ রোড, ঢাকা।
- ৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, মহাখালী, ঢাকা।
- ৯। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।

অনুলিপি : (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে)

- ১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


হোসনেআরা আক্তার
উপ-সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা